দৈনিক বাংলা

তারিখ ... 11 MAY 1990 ...
পৃষ্ঠা ... 7 ... কলাম ... 6 ...

34

শতাধিক আহত ঃ ৪০ জন গ্রেফতার ঃ পরিদর্শক সাসপেণ্ড

# এস এস সি'তে নকল ঃ হাঙ্গামা ফাঁকা গুলি ঃ ৫০৭৮ বহিষ্কার



গতকাল নগরীতে গুয়েস্ট এন্ড হাইস্কুল কেন্দ্রে ছাত্রদের এসএসসি পরীক্ষা দেয়ার দৃশ্য, --দৈনিক বাংলা

।। স্টাফ রিপোর্টার ।।

চারটি শিক্ষাবোর্ডের এসএসসি পরীক্ষায় প্রথম দিনে গতকাল পাঁচ হাজার ৭৮ জন পরীক্ষার্থীকে অসদুপায় অবলম্বনের দায়ে বহিষ্কার করা হয়েছে। নকল সরবরাহের অভিযোগে পুলিশ ৪০ জনকে গ্রেফতার করেছে। চট্টগ্রামের হাটহাজারী কলেজ কেন্দ্রে পরীক্ষায় ইনভিজিলেটরের বিরুদ্ধে স্বজনপ্রীতির অভিযোগে পরীক্ষার্থী-জনতা ও পুলিশের সংঘর্ষে ৩৫ জন আহত হয়েছে। পুলিশ ৭ রাউন্ড ফাঁকা গুলিবর্ষণ করেছে।

রাউজানে আব্দুল কাদের নামে একজন যুবক তার আত্মীয়কে পরীক্ষা হলে নিয়ে যাবার সময় ৮/১০ জনের দুর্বৃত্তদল তাকে ছুরিকাঘাত করে। গুরুতর অবস্থায় হাসপাতালে ভর্তির পর আব্দুল কাদেরের মৃত্যু হয়।

লাকসামে বহিরাগতদের সঙ্গে পুলিশের ধাওয়া পাল্টা ধাওয়া ও

শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ